দৈনিক ইনকিলাব

তারিখ ... 07 NOV 1997

পৃষ্ঠা ১২ কলাম ৫

76

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ধর্মঘট পালিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বিসিএস শিক্ষা সমিতির ডাকে গতকাল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক শিক্ষক ধর্মঘট পালিত হয়েছে। শিক্ষক ধর্মঘট চলাকালে নির্ধারিত পরীক্ষা ছাড়া দিবা ও নৈশ শাখায় কোন ক্লাস অনুষ্ঠিত হয়নি। সকাল থেকে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগ, অনুষদ এবং সেমিনারে ছাত্র-ছাত্রীদের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা গেলেও ক্লাস নিতে কোন শিক্ষক আসেননি।

দুপুরে টিচার্স কাউন্সিলে বিসিএস শিক্ষা সমিতি জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে প্রোভিসি প্রফেসর আলহাজ জহুরুল ইসলামের সভাপতিত্বে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন প্রোভিসি (নৈশ) ও বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কেন্দ্রীয় সিনিয়র সহ-সভাপতি প্রফেসর এ বি এম জনাব আলী, শিক্ষক পরিষদ (জঃ বিঃ) সাধারণ সম্পাদক প্রফেসর রিয়াজুল ইসলাম, প্রফেসর হীরেন্দ্রনাথ বিশ্বাস প্রমুখ। সভায় বক্তাগণ ১৯৭৯ সাল থেকে প্রফেসর আমির হোসেন নামক একজন কলেজ প্রিন্সিপ্যালকে ভূত প্রেক্ষিত নিয়োগ দানের প্রতিবাদ জানিয়ে বলেন, এ প্রক্রিয়ায় শিক্ষক নিয়োগ চলতি শিক্ষাদানে রত শিক্ষকদের পদোন্নতির ক্ষেত্রে একটি বিরাট অন্তরায়। বক্তাগণ শিক্ষক নিয়োগের এ বৈষম্য নিরসন এবং শিক্ষকতার মানন্নোয়নের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন।